# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 06 May, 2025

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহর মৃত্যু সংক্রান্ত তথ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লেও, সেটি ভিত্তিহীন ও গুজব বলে জানিয়েছে রিউমার স্ক্যানার বাংলাদেশ।

সম্প্রতি ফেসবুকের বিভিন্ন পেজ ও গ্রুপে “নিউজ কনফার্ম: মারা গেছেন হাসনাত আব্দুল্লাহ, ভিডিও দেখুন কমেন্টে” শিরোনামে বিভ্রান্তিকর পোস্ট দেওয়া হয়।এসব পোস্টে দেওয়া লিংক ট্রেস করে দেখা গেছে, সেগুলো একটি অপ্রামাণ্য ও ভুঁইফোড় ব্লগসাইট ‘□□□□□□□□□□□□’ থেকে নেওয়া, যার বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন রয়েছে।

রিউমার স্ক্যানার টিমের অনুসন্ধানে উঠে এসেছে, গাজীপুরে গাড়িতে হামলার ঘটনায় হাসনাত আব্দুল্লাহ আহত হলেও তিনি মারা যাননি। গণমাধ্যমেও এমন কোনো খবর প্রকাশ হয়নি যা তার মৃত্যুর সত্যতা নিশ্চিত করে।

এ বিষয়ে মহানগর পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার জাহিদ হাসান গণমাধ্যমকে জানান, গত ৪ মে গাজীপুরের চান্দনা চৌরাস্তা এলাকায় ট্র্যাফিক জ্যামে পড়লে হাসনাত আব্দুল্লাহর গাড়িতে মোটরসাইকেলে আসা দুর্বৃত্তরা হামলা চালায়।এতে গাড়ির গ্লাস ভেঙে যায় এবং হাসনাত আব্দুল্লাহ হাতে আঘাত পান।

জাতীয় নাগরিক পার্টির পক্ষ থেকেও দেওয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তিনি আহত হয়েছেন–তবে মৃত্যুর কোনো দাবি সেখানে করা হয়নি।

রিউমার স্ক্যানার বলছে, এমন সংবেদনশীল বিষয়ে গুজব ছড়ানো একটি দণ্ডনীয় অপরাধ, এবং এতে জনমনে বিভ্রান্তি সৃষ্টি হয়।গুজব থেকে সাবধান থাকার এবং যাচাই-বাছাই ছাড়া কোনো তথ্য শেয়ার না করার আহ্বান জানিয়েছে সংস্থাটি।

হাসনাত আব্দুল্লাহ এনসিপি জাতীয় নাগরিক পার্টি রিউমার স্ক্যানার বাংলাদেশ গুজব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:17

URL: https://www.timestodaybd.com/public/politics/2046775807